

বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর

সকল শিক্ষা প্রতিষ্ঠান

অনির্দিষ্টকাল বন্ধ

সরকার গতকাল রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর সকল শিক্ষা প্রতিষ্ঠান আজ থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে। খবর ইউএনবি'র। একটি সরকারী সূত্র জানায়, কর্তৃপক্ষ আজ রোববার সকাল ৭টার মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলসমূহ খালি করার নির্দেশ দিয়েছেন। সরকারের এই সিদ্ধান্তের প্রতিবাদে হাজার হাজার ছাত্র গতরাতে

(শেষ পৃঃ ৬-এর কঃ ৫ঃ)

শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা

(১ম পাতার পর)

বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন করে।

ক্যাম্পাসে কড়া পুলিশ প্রহরা মোতায়েন করা হয়েছে।

আমাদের নিজস্ব বাতা পরিবেশক জানান, ছাত্রহত্যার প্রতিবাদে গতকাল গভীর রাত পর্যন্ত ঢাকা শহরের মহল্লায় মহল্লায় ও রাজপথে বিক্ষুব্ধ ছাত্ররা মিছিল করছিল।

বিশ্ববিদ্যালয় বন্ধের খবর ঘোষিত হওয়ার সাথে সাথে হলগুলোতে প্রবল উত্তেজনা সৃষ্টি হয়। হাজার হাজার ছাত্র হল থেকে মিছিল করে রাত পৌনে বারটার দিকে উপাচার্যের বাসভবনের সামনে সমবেত হয় এবং বিশ্ববিদ্যালয় বন্ধ না করার দাবীতে বিক্ষোভ প্রদর্শন করে। ঢাকা কলেজের ছাত্রদের একটি বিশাল মিছিলও বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের সাথে যোগ দেয়।

বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার আগেই শত শত পুলিশ উপাচার্যের ভবনটি ঘিরে রাখে। এ রিপোর্ট লেখা পর্যন্ত (রাত ১টা) ছাত্রদের বিক্ষোভ চলছিল।

গভীর রাতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, সেখানেও ছাত্রদের বিক্ষোভ মিছিল চলছিল। ৪/৫শ ছাত্র দু'নম্বর গেটের কাছে ঢাকা-আরিচা মহাসড়কে অবস্থান নিয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বৈঠক করছিলেন।

গভীর রাতে সরকারী তথ্য বিবরণীর বরাত দিয়ে বাসস জানায়, রাষ্ট্রীয় সম্পদের নিরাপত্তা এবং ধ্বংসের হাত থেকে সাধারণ মানুষের সম্পদ ও জীবনের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সরকার এ সিদ্ধান্ত নিয়েছেন।